

আল-হজ্জ | Al-Hajj | الْحَجَّ

আয়াতঃ ২২ : ১২

আরবি মূল আয়াত:

يَدْعُوا مِنْ دُونِ اللَّهِ مَا لَا يَنْفَعُهُ وَ مَا لَا يَضُرُّهُ ۚ ذَٰلِكَ هُوَ الضَّلَلُ
الْبَعِيدُ ﴿١٢﴾

অনুবাদসমূহ:

সে আল্লাহর পরিবর্তে এমন কিছুকে ডাকে, যা তার কোন ক্ষতি করতে পারে না এবং কোন উপকারও করতে পারে না। এটাই চরম পথভ্রষ্টতা। — আল-বায়ান

আল্লাহকে বাদ দিয়ে সে এমন কিছুকে ডাকে যা না পারে তার কোন ক্ষতি করতে আর না পারে কোন উপকার করতে, এটাই হল চরম আকারের গুমরাহী। — তাইসিরুল

সে আল্লাহর পরিবর্তে এমন কিছুকে ডাকে যা তার কোন অপকার করতে পারেনা, উপকারও করতে পারেনা, এটাই চরম বিভ্রান্তি! — মুজিবুর রহমান

He invokes instead of Allah that which neither harms him nor benefits him. That is what is the extreme error. — Sahih International

১২. সে আল্লাহর পরিবর্তে এমন কিছুকে ডাকে যা তার কোন অপকার করতে পারে না আর যা তার উপকারও করতে পারে না; এটাই চরম পথভ্রষ্টতা!

তাকসীরে জাকারিয়া

(১২) সে আল্লাহর পরিবর্তে এমন কিছুকে ডাকে, যা তার কোন অপকার করতে পারে না এবং উপকারও করতে পারে না। এটাই চরম বিভ্রান্তি।

তাকসীরে আহসানুল বায়ান

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন